

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৭৯

বিশ্বামগঞ্জ, ১৫ নভেম্বর, ২০২৩

বিশ্বামগঞ্জে জনজাতীয় গৌরব দিবস উদযাপন

সিপাহীজলা জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে আজ জনজাতীয় গৌরব দিবস উদযাপন, বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে সরাসরি সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক কিশোর বর্মণ, বিধায়ক অন্তরা সরকার দেব, বিধায়ক তাফাঙ্গজল হোসেন, জেলাশাসক নাগেশ কুমার বি, অতিরিক্ত জেলাশাসক সহ জেলার বিভিন্ন মহকুমার মহকুমা শাসক, বিভিন্ন ইকার বিডিও ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। অনুষ্ঠানে অতিথিগণ জনজাতীয় গৌরব দিবস, বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে ২৭টি স্বসহায়ক দলের প্রতিনিধির হাতে ঝাগের চেক তুলে দেওয়া হয়।
